

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৫৩

আগরতলা, ২৯ অক্টোবর, ২০২৪

অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারে
মহিলার ফুসফুসের টিউমারের সফল অস্ত্রোপচার



অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের বিশেষজ্ঞ ক্যান্সার সার্জনরা সাফল্যের সঙ্গে ৩৬ বছর বয়স্ক এক মহিলার ফুসফুসের টিউমারের সফল অস্ত্রোপচার সম্পন্ন করেন গতকাল। এই ধরনের ফুসফুসে টিউমারের অস্ত্রোপচার রাজ্যে ক্যান্সার হাসপাতালে এই প্রথম। ওই মহিলা দীর্ঘদিন ধরে বুকের ব্যথায় কষ্ট পাচ্ছিলেন। এই সমস্যা নিয়ে তিনি চিকিৎসকের কাছে গেলে চিকিৎসক বিভিন্ন পরীক্ষা নিরীক্ষার রিপোর্টের ভিত্তিতে ক্যান্সার হাসপাতালে উন্নত চিকিৎসা গ্রহণের পরামর্শ দেন। তারপর তিনি অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের বহির্বিভাগে ক্যান্সার চিকিৎসকদের শরণাপন্ন হলে চিকিৎসকগণ গত ২৩ অক্টোবর ২০২৪ মহিলাকে হাসপাতালে ভর্তি হতে বলেন। হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে মহিলার প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা শুরু হয়। আর এই রিপোর্টের ভিত্তিতেই বিশেষজ্ঞ চিকিৎসকগণ মহিলার ফুসফুসে টিউমার সনাক্ত করেন। টিউমারটি খুব বিপদজনক অবস্থায় ছিল এবং দ্রুত অস্ত্রোপচার জরুরী হয়ে পড়ে। তখন ক্যান্সার হাসপাতালে বিশেষজ্ঞ ক্যান্সার সার্জনগণ অস্ত্রোপচারের সিদ্ধান্ত গ্রহণ করেন। ২৮ অক্টোবর ২০২৪ মহিলার ফুসফুসের টিউমারটির (lower lobe of lung tumor) অস্ত্রোপচার করা হয়। বর্তমানে রোগী ক্যান্সার হাসপাতালেই চিকিৎসকদের তত্ত্বাবধানে আছেন। রোগীর আত্মীয় পরিজনরা বহির্রাজ্যের বদলে সরকারিভাবে রাজ্যেই এই ধরনের জটিল অস্ত্রোপচার ও চিকিৎসা পরিষেবার সুযোগ পেয়ে অটল বিহারী বাজপেয়ী রিজিওন্যাল ক্যান্সার সেন্টারের চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও ধন্যবাদ জ্ঞাপন করেন। ভারপ্রাপ্ত স্বাস্থ্য অধিকর্তা এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন।
